গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

স্মারক নং:-০৫.৮১.০০০০.০০১.০৩.১২৯.১৯(খন্ড-১) -১১৮৬ তারিখ:২৪/১২/২০১৯খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয়: (১)সরকারের অসামরিক খাতের ১১ হতে ২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারী এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত (১১ হতে ২০ গ্রেড) কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'/ 'শিক্ষাসহায়তা';**
**(২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র দরখাস্ত আহবান।**

২০১৯-২০২০ অর্থবছরের জন্য (১) সরকারের অসামরিক খাতের ১১ হতে ২০ গ্রেডে কর্মরত কর্মচারীর (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত (১১ হতে ২০ গ্রেড) কর্মচারীর সন্তানদের **'শিক্ষাবৃত্তি'/ 'শিক্ষাসহায়তা'** (২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের **'শিক্ষাবৃত্তি'**র জন্য অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনকারীকে দরখাস্ত দাখিলের শর্ত ও নিয়মাবলী অনুসরণ করে **URL: eservice.bkkb.gov.bd** এর মাধ্যমে যথাযথভাবে অনলাইনে আবেদন করতে হবে। দরখাস্ত/ আবেদন করার শর্ত ও নিয়মাবলী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে **(www.bkkb.gov.bd)** পাওয়া যাবে।

০১ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখ সকাল ৯.০০টা থেকে ২০ ফেব্রুয়ারি ২০২০ বিকাল ৫.০০ টার মধ্যে দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার জন্য গৃহীত হবে।

২৫/১২/২০১৯
সত্যব্রত সাহা
মহাপরিচালক (সচিব)
ফোন: ৪৯৩৪৯৩২৩
e-mail: dg@bkkb.gov.bd.

# শর্ত ও দরখাস্ত করার নিয়মাবলী

## (শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে, আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।):

১. ১১-২০ গ্রেডে কর্মরত সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীর ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য '**শিক্ষাবৃত্তি**/ '**শিক্ষাসহায়তা**' এবং সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২(দুই) সন্তানের জন্য '**শিক্ষাবৃত্তি'র** আবেদন করতে পারবেন;

২. ঢাকা মহানগরীতে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ঢাকা মহানগর ও বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে নিজ নিজ বিভাগীয় কার্যালয়ে অনলাইনে আবেদন করতে হবে;

৩. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েব সাইট (**www.bkkb.gov.bd** ) এর **"শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন"** লিংকটিতে ক্লিক করে অথবা ব্রাউজারের এড্রেস বারে **eservice.bkkb.gov.bd** টাইপ করে Enter চাপুন;

৪. হোম পেজ থেকে "**রেজিস্ট্রেশন**" বাটনে ক্লিক করলে একটি পাতা আসবে। ১১-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য কর্মচারীর ধরণ "**কর্মরত**" এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরণ পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরণ **"কর্মরত"** এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরণ "**রাজস্বখাতভুক্ত**" বাছাই করলে পে-ফিক্সেশন নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর দিতে হবে;

৫. সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরণ **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** বাছাই করলে কোন পে-ফিক্সেশন নম্বর লাগবে না, শুধু জাতীয় পরিচয়পত্র নম্বর দিতে হবে;

৬. কর্মচারীগণ প্রয়োজনীয় তথ্যাদি (অর্থ বিভাগের **পে-ফিক্সেশন এর ভেরিফিকেশন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর (১৭ ডিজিটের) এবং মোবাইল নম্বর)** দিয়ে **"রেজিস্ট্রেশন করুন"** বাটনে ক্লিক করার পর তাঁর মোবাইল নম্বরে **৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড** যাবে। এই কোড নম্বরটি দিয়ে **"যাচাই করুন"** বাটনে ক্লিক করলে "**অভিনন্দন, আপনার নিবন্ধন সফলভাবে সম্পূর্ন হয়েছে"** এই ম্যাসেজ টি দেখাবে। কোড প্রদানের সময়সীমা ১৫ মিনিট। অনলাইনে আবেদন করার জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে একবারই রেজিস্ট্রেশন করতে হবে;

৭. সফটওয়্যারে লগইন করার জন্য হোম পেজ থেকে **"লগইন"** বাটনে ক্লিক করে **মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড** দিয়ে লগইন করতে হবে;

৮. লগইন করার পর ড্যাসবোর্ড এর "**আবেদনকারীর ছবি আপলোড করুন"** বাটনে ক্লিক করে ছবি আপলোড করতে হবে;

৯. শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য **"শিক্ষাবৃত্তির আবেদন করতে এইখানে ক্লিক করুন"** এই লিংকটিতে ক্লিক করে **নির্দেশাবলী** অনুযায়ী পরবর্তী ধাপে আবেদন ফরম পূরণ করতে হবে;

১০. আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করে ছাত্র/ ছাত্রী বিগত বাৎসরিক/ **বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল যে পরীক্ষায় পাস করেছে তার মূল মার্কশীট এর ফটোকপি** ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক/ শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক কর্তৃক সত্যায়িত করে স্ক্যান কপি **আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;**

১১. কর্মচারী অবসরপ্রাপ্ত হলে অবসর গ্রহণের আদেশের অথবা মৃত হলে মৃত্যুসনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

১২. ফরম যথাযথভাবে পূরণ করে **"আবেদন সংরক্ষণ ও প্রিন্ট করুন"** বাটনে ক্লিক করে আবেদন সংরক্ষণ করে প্রিন্ট করা যাবে;

১৩. আবেদন ফরম প্রিন্ট করার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল, কর্মচারীর স্বাক্ষর, কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল এবং স্মারক নং ও তারিখ দিয়ে পূর্ণাঙ্গ পূরণকৃত ফরমের স্ক্যান কপি "**সংযুক্তি**" ধাপে গিয়ে সংযুক্ত করে আবেদন **"চূড়ান্তভাবে দাখিল করুন"** বাটনে ক্লিক করে দাখিল করতে হবে। আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে **আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি ক্ষুদেবার্তা** পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে তার আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন;

১৪. স্বামী/স্ত্রী উভয়ই সরকারি চাকরিতে কর্মরত হলে কেবল **একজনই** সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' / '**শিক্ষাসহায়তা**' লাভের জন্য আবেদন করতে পারবেন;

১৫. চাকরিরত, অনিয়মিত এবং বিবাহিত এরুপ ছাত্র/ ছাত্রীগণ এ '**শিক্ষাবৃত্তি**' / '**শিক্ষাসহায়তা**' লাভের যোগ্য নন;

১৬. ১১-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীদের সন্তানদের '**শিক্ষাবৃত্তি**'/ '**শিক্ষাসহায়তা**' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বাৎসরিক / বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ/ সিজিপিএ অর্জন করতে হবে:

| শ্রেণি | 'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা | 'শিক্ষাসহায়তা' পাওয়ার যোগ্যতা |
|---|---|---|
| মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি) | জিপিএ ৫ অথবা গড়ে ৮০% নম্বর | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) | ঐ | ঐ |
| উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর) | সিজিপিএ ৩.৫ হতে ৪ | নূন্যতম সিজিপিএ ২.৫ |

১৭. **সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীদের** সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বাৎসরিক/ বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ / সিজিপিএ অর্জন করতে হবে:

| শ্রেণি | 'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা |
|---|---|
| মাধ্যমিক (নবম – দশম শ্রেণি) | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) | ঐ |
| উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর) | নূন্যতম সিজিপিএ ২.৫ |

১৮. অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে যে কোন সহায়তার জন্য কর্মচারীগণ যে বিভাগে কর্মরত আছেন/ ছিলেন সেই বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তা/ কর্মচারীর সাথে যোগাযোগ করুন:

| বিভাগ | কর্মকর্তা/ কর্মচারীর নাম ও পদবী | মোবাইল ফোন নম্বর |
|---|---|---|
| প্রধান কার্যালয় | মোঃ নাসির উদ্দীন, সহকারী পরিচালক (কর্মসূচী), প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৭১২৬০২৯৫৫ |
| | মোঃ আবু হাসান, গবেষণা কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৯২০৮২২৯৩৬ |
| | বিল্লাল মিয়া, সহকারী প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা। | ০১৬৮২৫৭৫৯১২ |
| ঢাকা বিভাগ | সৈয়দ রিয়াজুল ইসলাম, সহকারী পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা। | ০১৯২৪০৩৬৫২৪ |
| | সুমাইয়া সায়মা, সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কার্যালয়, ঢাকা। | ০১৮৫৬২৮৯৪০৫ |
| | মো: জসিম উদ্দিন, কম্পিউটার অপারেটর, বিভাগীয় কার্যালয়, ঢাকা। | ০১৭৬৪০৪৯৪৩৪ |
| | লিজা আখতার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বিভাগীয় কার্যালয়, ঢাকা। | ০১৯২৪৮৭৬৯৬২ |
| চট্টগ্রাম বিভাগ | জনাবা ফাহমিদা শাহীন, সহকারী পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। | ০১৮১৬-৫১৪১৪২ |
| | ইমারত হোসেন, কম্পিউটার অপারেটর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। | ০১৯১৮৪৩৯৫৮৯ |
| রাজশাহী বিভাগ | জনাব মোঃ শাহীনুর ইসলাম, হিসাবরক্ষক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী। | ০১৭২২৯৮১৯৭৩ |
| | মোঃ মাহফুজ মিয়া, অফিস সহ: কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী | ০১৯১৬৮৭৪৭১৯ |
| খুলনা বিভাগ | জনাব এ বি এম আনোয়ার, কম্পিউটার অপারেটর, বিভাগীয় কার্যালয়, খুলনা। | ০১৭১৭৭৫৭৪৭৭ |
| | জনাবা মনিরা খাতুন, অফিস সহকারী, বিভাগীয় কার্যালয়, খুলনা। | ০১৭২০৯০২৬৬৮ |
| বরিশাল বিভাগ | মো: খান জাহান আলী, কম্পিউটার অপারেটর, বিভাগীয় কার্যালয়, বরিশাল। | ০১৭৭৮১০৫৮৮৮ |
| | জনাব মোঃ জি এম ফারুক, আহম্মেদ, অফিস সহকারী, বিভাগীয় কার্যালয়, বরিশাল। | ০১৭১১৮৩৬২৬০ |
| সিলেট বিভাগ | জনাব মো: সামছুল হক, সহকারী পরিচালক, বিভাগীয় কার্যালয়, সিলেট। | ০১৭১০৯৬৮৬১৩ |
| | জনাব মোঃ আলমগীর হোসেন, উচ্চমান সহকারী, বিভাগীয় কার্যালয়, সিলেট। | ০১৮৩৩২১৪২৯২ |
| রংপুর বিভাগ | মোঃ শরিফুল হক প্রধান, সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কার্যালয়, রংপুর। | ০১৭২২৩৭৬৩৬৬ |
| | জনাব মোঃ আবদুস সামাদ, কম্পিউটার অপারেটর, বিভাগীয় কার্যালয়, রংপুর। | ০১৭৫৭৫২২৮৯০ |
| ময়মনসিংহ বিভাগ | জনাব মোঃ হাসানুজ্জামান, হিসাবরক্ষক, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। | ০১৭৩৬৩৪৮৮৮ |
| | জনাব মোঃ আব্দুল আউয়াল, উচ্চমান সহকারী, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। | ০১৭৩৯০৬৯৯০০ |